গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-৩ (বাজেট)

নীতিমালা

অনন্য সাধারণ মেধা(Extraordinary Talent) অন্বেষণের লক্ষ্যে এবং শহর ও গ্রামের শিক্ষা বৈষম্য নিরসনে দেশব্যাপী সৃজনশীল মেধা অনুসন্ধানে সরকার সমন্বিত কর্মসূচী গ্রহণ করেছে। উক্ত কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হ'ল ঃ

০২। **শিরোনামঃ** এই নীতিমালা "সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা-২০১২" নামে অভিহিত হবে।

০৩। **অধিক্ষেত্রঃ** দেশের সকল সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নিম্ন মাধ্যমিক পর্যায় হতে উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত (ষষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত) ছাত্র/ছাত্রী প্রতিযোগিতার মাধ্যমে ১. ভাষা ও সাহিত্য (বাংলা,ইংরেজি), ২. বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান), ৩. গণিত ও কম্পিউটার এবং ৪. বাংলাদেশ স্টাডিজ-(ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান) সহ মোট চারটি বিষয় সৃজনশীল মেধা অন্বেষণের ক্ষেত্রে বিষয় হিসেবে বিবেচ্য হবে।

০৪। **সৃজনশীল মেধা অন্বেষণের উদ্দেশ্যঃ**

৪.১ উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে অসাধারণ মেধা সম্পন্ন ছাত্র/ছাত্রী অন্বেষণ করা;

৪.২ এ সকল মেধা অন্বেষণ করে তাদেরকে ভবিষ্যতে জাতীয় মেধা (National Talent) হিসেবে স্বীকৃতি দেয়া এবং তাদের উৎসাহ প্রদানে একটি এককালীন বিশেষ মেধাভিত্তিক (Special Merit Based Scholarship) বৃত্তি প্রদান করা। প্রয়োজনে তাদেরকে বিদেশে মেধাবৃত্তির জন্য সুপারিশ করা।

০৫। **বাস্তবায়ন পরিকল্পনাঃ** সৃজনশীল মেধা অন্বেষণ একটি উন্মুক্ত প্রতিযোগিতা যা প্রতি বছর অনুষ্ঠিত হবে। প্রকৃত সৃজনশীল মেধা অন্বেষণে তৃণমূল পর্যায় থেকে বিভাগীয় পর্যায় পর্যন্ত সকল শিক্ষার্থী এ প্রতিযোগিতার আওতাভুক্ত হবে।

৫.১ সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে অবস্থিত সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রাথমিকভাবে ০৩(তিন)টি পর্যায়ে ০৪ (চার)টি বিষয়ের বিপরীতে সেরা ছাত্র-ছাত্রীদের মধ্য হতে সৃজনশীল মেধা হিসেবে স্বাক্ষর রাখতে পারে এমন শিক্ষার্থী মনোনয়ন দিবে।

৫.২ উপজেলা পর্যায় হতে বাছাইকৃত প্রতিযোগী ও উক্ত জেলায় অবস্থিত সদর উপজেলার আওতায় বাছাইকৃত প্রতিযোগী সমন্বয়ে জেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতা হতে প্রতিটি বিষয়ে বাছাইকৃত সেরাদের নিয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। পরবর্তীতে ৭টি বিভাগ ও ঢাকা মেট্রোপলিটন শহরকে অতিরিক্ত একটি বিভাগীয় ইউনিট হিসেবে ধরে তিনটি পর্যায়ে প্রতি বিষয়ে ৩ জন করে ৪টি বিষয়ে প্রতি বিভাগে মোট (৩×৪)=১২ জন হিসেবে সর্বমোট (১২×৮)=৯৬ জন সেরা মেধা বের করতে হবে। বিভাগীয় পর্যায় হতে আগত ৮×১২ (প্রতি বিষয়ে সেরা ১ জন) = ৯৬ জন প্রতিযোগী থেকে ৪ বিষয়ে ১ জন করে ৩ গ্রুপে মোট ১২ জন সেরা বিজয়ী নির্বাচন করা হবে। তাদেরকে "বছরের সেরা মেধাবী" হিসেবে স্বীকৃতি এবং এককালীন বিশেষ মেধাভিত্তিক বৃত্তি (Special Merit Based Scholarship) দেয়া হবে।

৫.৩ **ছাত্র/ছাত্রীদের বাছাইয়ের পদ্ধতিঃ**

ক্রমিক	শ্রেণি	বিষয়				মনোনয়নকৃত মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা
		ভাষা ও সাহিত্য	বিজ্ঞান	গণিত ও কম্পিউটার	বাংলাদেশ স্টাডিজ	
১.	৬ষ্ঠ থেকে ৮ম	১	১	১	১	৪
২.	৯ম থেকে ১০ম	১	১	১	১	৪
৩.	একাদশ থেকে দ্বাদশ	১	১	১	১	৪
					মোট=	১২ জন

৫.৪ **উপজেলা প্রতিযোগিতামূলক বাছাই কমিটিঃ**

১.	উপজেলা নির্বাহী অফিসার	আহ্বায়ক
২-৩.	উপজেলা সদরস্থ কলেজ ও মাদরাসার ১ জন করে অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৪.	সহকারী কমিশনার (ভূমি)	সদস্য
৫-৬.	উপজেলা সদরস্থ উচ্চ বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকগণের মধ্য হতে ১ জন ও দাখিল মাদরাসাসমূহের সুপারিনেটেনডেন্টগণের মধ্য হতে ১ জন (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৭.	উপজেলা শিক্ষা অফিসার	সদস্য
৮.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য-সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৫.৫ **কার্যপরিধিঃ**

কমিটি উপজেলা পর্যায়ে স্কুল/কলেজ/মাদরাসা হতে ৪টি বিষয়ে (৩×৪)=১২ জন মনোনীত প্রতিযোগী জেলা পর্যায়ে প্রেরণ করবে। উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠান করবে। ০১(এক) মাসের মধ্যে সকল কার্যাদি সম্পন্ন করতে হবে। উপজেলা প্রতিযোগিতামূলক বাছাই কমিটি সংশ্লিষ্ট উপজেলার পার্শ্ববর্তী কোন উপজেলা থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

৫.৬ **জেলা যাচাই-বাছাই কমিটিঃ**

১.	জেলা প্রশাসক	আহ্বায়ক
২-৪.	জেলা সদরের ১ জন সরকারি, ১ জন বেসরকারি কলেজের অধ্যক্ষ ও আলিম/ফাজিল মাদরাসার ১ জন অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৫.	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা)	সদস্য
৬.	সুপারিনটেনডেন্ট অব পুলিশ/প্রতিনিধি	সদস্য
৭.	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
৮-৯.	১ জন বালক ও ১ জন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
১০-১৩.	মাধ্যমিক বিদ্যালয়ের ২ জন প্রধান শিক্ষক/শিক্ষিকা (১ জন সরকারি ও ১ জন বেসরকারি বিদ্যালয় হতে), দাখিল মাদরাসার সুপারিনটেনডেন্ট ও কারিগরি বিদ্যালয়ের প্রধান শিক্ষক (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
১৪.	জেলা শিক্ষা অফিসার	সদস্য-সচিব

৫.৭ **কার্যপরিধিঃ**

জেলা পর্যায়ে উপজেলা হতে প্রেরিত সেরা ৪ জনকে নিয়ে প্রতিযোগিতার আয়োজন। ০১(এক) মাসের মধ্যে সকল কার্যাদি সম্পন্ন করতে হবে। জেলা যাচাই-বাছাই কমিটি সংশ্লিষ্ট জেলার যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী জেলা পর্যায়ে আসেনি সেসব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

৫.৮ **বিভাগীয় যাচাই-বাছাই কমিটিঃ**

১.	বিভাগীয় কমিশনার	আহ্বায়ক
২.	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)	সদস্য
৩.	ডি.আই.জি. পুলিশ/প্রতিনিধি	সদস্য
৪.	জেলা প্রশাসক, বিভাগীয় সদর জেলা	সদস্য
৫.	বিভাগীয় সদরের পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ	সদস্য
৬-৭.	১ জন সরকারি ও ১ জন বেসরকারি কলেজের অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৮.	১ জন মহিলা কলেজের অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৯.	পরিদর্শক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট একালার শিক্ষা বোর্ড থেকে)	সদস্য
১০.	পরিদর্শক (বিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট একালার শিক্ষা বোর্ড থেকে)	সদস্য
১১.	আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিভাগীয় সদর	সদস্য-সচিব

৫.৯ **কার্যপরিধিঃ**

বিভাগীয় পর্যায়ে জেলা হতে আগত প্রতিযোগী নিয়ে অনুষ্ঠান। ৮×১২ (প্রতি বিষয়ে সেরা ১ জন)=৯৬ জন "বছরের সেরা মেধাবী" নির্বাচন করে জাতীয় পর্যায়ে প্রেরণ। শিক্ষা মন্ত্রণালয় ৯৬ জন প্রতিভাকে নিয়ে জাতীয় পর্যায়ে অনুষ্ঠানের মাধ্যমে প্রত্যেক বিষয়ে ১ জন করে ৩ গ্রুপে মোট ১২ জনকে "বছরের সেরা মেধাবী" হিসেবে পুরস্কার প্রদান করবে। বিভাগীয় যাচাই-বাছাই কমিটি সংশ্লিষ্ট বিভাগের যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী বিভাগীয় পর্যায়ে আসেনি সেসব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে।

৫.১০ **ঢাকা মেট্রোপলিটন এলাকার যাচাই-বাছাই কমিটিঃ**

১.	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা	আহ্বায়ক
২.	বিভাগীয় কমিশনার-এর প্রতিনিধি	সদস্য
৩.	পুলিশ কমিশনার এর প্রতিনিধি	সদস্য
৪.	জেলা প্রশাসক, বিভাগীয় সদর জেলার প্রতিনিধি	সদস্য
৫.	বিভাগীয় সদরের পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ	সদস্য
৬-৭.	১ জন সরকারি ও ১ জন বেসরকারি কলেজের অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৮.	১ জন মহিলা কলেজের অধ্যক্ষ (আহ্বায়ক কর্তৃক মনোনীত)	সদস্য
৯.	১ জন সরকারি স্কুলের শিক্ষক (ডিজি মাউশি কর্তৃক মনোনীত)	সদস্য
১০.	পরিদর্শক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট একালার শিক্ষা বোর্ড থেকে)	সদস্য
১১.	পরিদর্শক (বিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট একালার শিক্ষা বোর্ড থেকে)	সদস্য
১২.	আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিভাগীয় সদর	সদস্য-সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৫.১১ কার্যপরিধিঃ

বিভাগীয় পর্যায়ে জেলা হতে আগত প্রতিযোগী নিয়ে অনুষ্ঠান। ৮×১২ (প্রতি বিষয়ে সেরা ১ জন)=৯৬ জন "বছরের সেরা মেধাবী" নির্বাচন করে জাতীয় পর্যায়ে প্রেরণ। শিক্ষা মন্ত্রণালয় ৯৬ জন প্রতিভাকে নিয়ে জাতীয় পর্যায়ে অনুষ্ঠানের মাধ্যমে প্রত্যেক বিষয়ে ১ জন করে ৩ গ্রুপে মোট ১২ জনকে "বছরের সেরা মেধাবী" হিসেবে পুরস্কার প্রদান করবে। বিভাগীয় যাচাই-বাছাই কমিটি সংশ্লিষ্ট বিভাগের যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী বিভাগীয় পর্যায়ে আসেনি সেসব প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে। ঢাকা মেট্রোপলিটন এলাকার প্রতিযোগিতা বাছাইয়ের জন্য আহ্বায়ক কর্তৃক জেলা/উপজেলার আদলে মেট্রোপলিটন এলাকাকে ০৮(আট) টি অঞ্চলে বিভক্ত করে স্থানীয় সরকারি/বেসরকারি স্কুলের প্রধান শিক্ষকগণকে আহ্বায়ক করে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট বাছাই কমিটি গঠন করবেন। এই কমিটি প্রাথমিক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবেন।

০৬। বাস্তবায়নকারী সংস্থা ঃ শিক্ষা সচিবের সভাপতিত্বে নিম্নরূপ জাতীয় স্টিয়ারিং কমিটির মাধ্যমে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনে শিক্ষা মন্ত্রণালয় সার্বিক পৃষ্ঠপোষকতা দিবে।

জাতীয় স্টিয়ারিং কমিটিঃ

১.	সচিব, শিক্ষা মন্ত্রণালয়	সভাপতি
২.	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)/(উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা	সহ-সভাপতি
৩.	কমিশনার, ঢাকা বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা	সদস্য
৪.	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৫.	মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৬.	মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা	সদস্য
৭.	মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা	সদস্য
৮.	মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৯.	মহাপরিচালক, বিটিভি, ঢাকা	সদস্য
১০.	মহাপরিচালক, শিল্পকলা একাডেমি, ঢাকা	সদস্য
১১.	অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, সভাপতি, বিশ্বসাহিত্য কেন্দ্র, ঢাকা	সদস্য
১২.	ড. জামিলুর রেজা চৌধুরী, প্রাক্তন ভিসি, ব্র্যাক ইউনিভার্সিটি, ঢাকা	সদস্য
১৩.	অধ্যাপক মুহাম্মদ জাফর ইকবাল, বিভাগীয় প্রধান, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট	সদস্য
১৪.	জনাব মুস্তাফা মনোয়ার, চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা	সদস্য
১৫.	ড. মুনতাসির আলী মামুন, অধ্যাপক, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
১৬.	জনাব আখতারুজ্জামান, অধ্যাপক, ইসলামের ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
১৭.	বেগম রাশেদা কে, চৌধুরী, নির্বাহী পরিচালক, গণসাক্ষরতা অভিযান, ঢাকা	সদস্য
১৮.	যুগ্ম সচিব (মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
১৯.	যুগ্ম সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)	সদস্য
২০.	যুগ্ম সচিব (বাজেট-১ অনুবিভাগ), অর্থ মন্ত্রণালয়	সদস্য
২১.	যুগ্ম সচিব (প্রশাসন), স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয়	সদস্য
২২.	যুগ্ম সচিব (কারিগরি ও মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
২৩.	যুগ্ম সচিব (কলেজ), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
২৪.	যুগ্ম সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
২৫.	যুগ্ম সচিব, তথ্য মন্ত্রণালয়	সদস্য
২৬.	প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা	সদস্য
২৭-৩৪	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)	সদস্য
৩৫.	চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৩৬.	চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৩৭.	পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য-সচিব

৬.১ কার্যপরিধিঃ

জাতীয় স্টিয়ারিং কমিটিতে পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করা যাবে। জাতীয় স্টিয়ারিং কমিটি দেশের যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন প্রতিযোগী জাতীয় পর্যায়ে আসেনি সেসব প্রতিষ্ঠান ও জাতীয় পর্যায়ে স্বনামধন্য ব্যক্তিবর্গের মধ্য থেকে অনধিক ০৫ জন বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে বিষয়ভিত্তিক বিচারক প্যানেল তৈরি করে তার মাধ্যমে মৌখিক ও লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে। বিভাগীয় পর্যায় হতে আগত প্রতিযোগীদের নিয়ে অনুষ্ঠান। ৮×১২ (প্রতি বিষয়ে সেরা ১ জন) =৯৬ জন প্রতিযোগী থেকে ৪ বিষয়ে ১ জন করে ৩ গ্রুপে মোট ১২ জন সেরা বিজয়ী নির্বাচন করে তাদেরকে "বছরের সেরা মেধাবী" হিসেবে পুরস্কার প্রদান করবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৭। **কার্যক্রমের বাস্তবায়ন কালঃ**
সকল শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম যেন ব্যাহত না হয় এবং একই সাথে সকল শিক্ষার্থীকে এ প্রতিযোগিতায় অন্তর্ভুক্ত করা যায় সে লক্ষ্যে বছরের একটি নির্দিষ্ট সময় জানুয়ারি থেকে মার্চের মধ্যে সম্পন্ন করতে হবে। সে ক্ষেত্রে বাস্তবায়নের সুবিধার্থে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর একটি কার্যক্রম পঞ্জিকা প্রণয়ন করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

০৮। **সেরা মেধা যাচাইয়ের পদ্ধতিঃ**

৮.১ **ভাষা ও সাহিত্য ঃ**
ক. তাৎক্ষণিক রচনা প্রতিযোগিতা (বাংলা ও ইংরেজি, লিখিত) - নম্বর - ১০+১০
খ. পর্যায়ক্রমে গল্প বলা - নম্বর - ১০
গ. উপস্থিত বক্তৃতা (ইংরেজি) - নম্বর - ২০

৮.২ **বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান) ঃ**
ক. MCQ - নম্বর - ১০
খ. বিজ্ঞান বিষয়ক রচনা - নম্বর -১০
গ. বিজ্ঞান মেলায় প্রকল্প উপস্থাপন - নম্বর - ৩০

৮.৩ **গণিত ও কম্পিউটার ঃ**
ক. গণিত (লিখিত ও মৌখিক মূল্যায়ন) - নম্বর- ২০+১০
খ. কম্পিউটার (সমস্যা সমাধান) - নম্বর - ২০

৮.৪ **বাংলাদেশ স্টাডিজ ঃ**
ক. লিখিত সৃজনশীল MCQ - নম্বর - ৩০
খ. মৌখিক - নম্বর - ২০

০৯। **আপত্তি ও নিস্পত্তি** ঃ উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা পর্যায়ে জেলা প্রশাসক, বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার, মেট্রোপলিটন পর্যায়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও জাতীয় পর্যায়ে যুগ্ম সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয় আপত্তিসমূহ নিস্পত্তি করবেন।

১০। **কার্যক্রমের প্রয়োজনীয় অর্থ বিভাজন** ঃ দেশব্যাপী মেধা অন্বেষণের কার্যক্রম সফল করতে দু'ধরণের ব্যয় হবে যা মূলত প্রতিবছরে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অতিরিক্ত বাজেট বরাদ্দ হতে নির্ধারিত বিভাজন অনুযায়ী ব্যয় করতে হবে।

১০.১ **উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় বিভিন্ন পর্যায়ে অনুষ্ঠান আয়োজন বাবদ** ঃ এ ধরণের অনুষ্ঠান আয়োজনে পরীক্ষা উপকরণ সরবরাহ, বিচারকদের সম্মানী, মঞ্চ সজ্জা ও সার্বিক আয়োজন বাবদ অর্থ ব্যয় হবে। প্রকৃত চাহিদার ভিত্তিতে এ ব্যয় বৃদ্ধি হতে পারে।

ক্রমিক	বিবরণ	টাকার পরিমাণ
১.	৪৮১টি উপজেলায় ২৫,০০০/- টাকা হারে= ৪৮১×২৫,০০০/-	১,২০,২৫,০০০/-
২.	৬৪টি জেলায় ৫০,০০০/- টাকা হারে= ৬৪×৫০,০০০/-	৩২,০০,০০০/-
৩.	৮টি বিভাগে (৭টি বিভাগ ও ঢাকা মেট্রোপলিটন এলাকা) ১,০০,০০০/-টাকা হারে=৮×১,০০,০০০/-	৮,০০,০০০/-
৪.	জাতীয় পর্যায়ের অনুষ্ঠান ১×১০,০০,০০০/-	১০,০০,০০০/-
৫.	শিক্ষা মন্ত্রণালয়ের প্রচারণা ও অন্যান্য ব্যয়=	২৪,৯২,০০০/-
	উপমোট=	১,৯৫,১৭,০০০/-

১০.২ **নির্বাচিত জাতীয় প্রতিভাদের পুরস্কার প্রদানঃ**

ক্রমিক	বিবরণ	টাকার পরিমাণ
১.	উপজেলা পর্যায়ে সেরাদের (৪৮১×১২×১০০০) হারে	৫৭,৭২,০০০/-
২.	জেলা পর্যায়ে সেরাদের (৬৪×১২×১৫০০) হারে	১১,৫২,০০০/-
৩.	বিভাগীয় পর্যায়ে সেরাদের (৮×১২×২০০০) হারে	১,৯২,০০০/-
৪.	জাতীয় পর্যায়ে সেরাদের (১২×১,০০,০০০) হারে	১২,০০,০০০/-
	উপমোট=	৮৩,১৬,০০০/-
	সর্বমোট (১০.১+১০.২)=(১,৯৫,১৭,০০০+৮৩,১৬,০০০)=	২,৭৮,৩৩,০০০/-

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

১০.৩ বাজেট, টেন্ডার ও অর্থ কমিটিঃ

১.	যুগ্ম সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়	সভাপতি
২.	পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৩.	পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৪.	সিনিয়র সহকারী সচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
৫.	হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
৬.	উপ-সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়	সদস্য-সচিব

১১। বাজেট প্রাপ্তি সাপেক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক উইং হতে এ কার্য সম্পাদন করা হবে। অনুমোদিত নীতিমালা বাজেট শাখা শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগে, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থায়, বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করবে।

স্বাক্ষরিত/-
তারিখ-১২/০৬/২০১২
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সচিব
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নং শাঃ-৩/১বি-০২/২০১০/২৩৫/১(৫০)

তারিখঃ ০৫ আষাঢ় ১৪১৯ / ১৯ জুন ২০১২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল।

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয়/কলেজ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম-সচিব (মাধ্যমিক/কারিগরী ও মাদ্রাসা/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬। প্রধান, পরিকল্পনা উইং, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। বিভাগীয় কমিশনার, ... (সকল)
৯। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। জেলা প্রশাসক, ... (সকল)
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপ-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা ।
১০। উপ-সচিব (প্রশাসন-১/২,মাধ্যমিক/কারিগরি-১, উন্নয়ন-১/২), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১। সিনিয়র সহকারী সচিব, শাখা-১/২, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১৪। সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(নীতিমালাটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচারের পদক্ষেপ গ্রহণ করবেন)।
১৫। জেলা শিক্ষা অফিসার, ... (সকল)
১৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০/৬/১২
(রওনক জাহান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ৯৫১২২০৫